

## পঞ্চম দিনের কার্যক্রম

পঞ্চম দিনে ২টি অধিবেশনের মাধ্যমে দিনের কার্যক্রম সমাপ্ত করা হবে। প্রথম অধিবেশনটি মূলতঃ ব্যবহারিক। প্রশিক্ষণার্থীগণ মনিটরের সামনে বসে নিজ হাতে মডিউল ব্যবহারের চেষ্টা করবেন। এ ব্যাপারে সহায়তাকারী সর্বাঙ্গিন সহযোগিতা প্রদান করবেন।


মূল্যায়ন প্রশিক্ষণের একটি গুরুত্বপূর্ণ অংশ। সহায়তাকারী প্রশিক্ষণার্থীদের মূল্যায়নের ব্যবস্থা নিবে এবং প্রশ্ন পত্র তৈরী করবেন। পনের মিনিটে ৫০ নাম্বারের পরীক্ষায় সত্য/মিথ্যা, সঠিক উত্তর (multiple choice) এবং কিছু সংক্ষিপ্ত উত্তরের প্রশ্নপত্রের উপর প্রাক এবং চূড়ান্ত মূল্যায়নের উপর ভিত্তি করে প্রশিক্ষণার্থীদেও জ্ঞান উন্নয়নের হার নির্ণয় করা যাবে।

দ্বিতীয় অধিবেশনে প্রশিক্ষণার্থীদের মতামতের উপর ভিত্তি করে উক্ত কোর্সেও ইতিবাচক এবং নেতিবাচক দিকগুলি জেনে ভবিষ্যতে মডিউলের উৎকর্ষ সাধন করা যাবে এবং প্রয়োজনে প্রশিক্ষণের মান উন্নয়ন করা সম্ভব হবে। উক্ত মডিউলে প্রশিক্ষণার্থীদের মতামত ও পর্যালোচনার জন্য নমুনা ফরম দেয়া হল। প্রয়োজনে সহায়তাকারী ফ্লিপ চার্ট অথবা বোর্ড ব্যবহার করতে পারেন।

# ব্যবহারিক ও পর্যালোচনা অধিবেশন

সময়	বিষয়বস্তু	পদ্ধতি
------	------------	--------

↑




সময় ২৪০ মিঃ

**প্রথম অধিবেশন: ব্যবহারি ক্লাস**

- ১ : প্রশিক্ষণার্থী কর্তৃক মডিউল পরিচালনা
- ২ : মডিউল থেকে প্রয়োজনীয় তথ্য বাহির করার কৌশল
- ৩ : প্রশিক্ষণার্থীদের মূল্যায়ণ

↓

↑



সময় ১২০ মিঃ

**দ্বিতীয় অধিবেশন: মতামত ও পর্যালোচনা**

- ১ : প্রশিক্ষণার্থীদের মতামত ও পর্যালোচনা

↓